

১০ দফা দাবিতে জ্বিতে বিক্ষোভ মিছিল ॥ ভিসির অফিস ভাংচুর

॥ জ্বি সংবাদদাতা ॥
দেড় বছরেও শিক্ষার্থীদের দাবি পূরণ না
হওয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা
পুনরায় আন্দোলন শুরু করেছে। তাদের ১০ দফা
দাবি পূরণ না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা ক্লাস বর্জন
ও নিয়মিত কালো ব্যাজ ধারণ কর্মসূচি ঘোষণা

করেছে। গতকাল বুধবার কর্মসূচির প্রথমদিনে
ডারা ক্লাস বর্জন করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল
ও ভিসি অফিস ভাংচুর করেছে। ছাত্রদের
দাবিগুলো হল : বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধন
করে আবাসিক ঘোষণা, বেদখল হল উদ্ধার,
পরিবহনে বাস উন্নয়ন, দুপখোলা মাঠ সংরক্ষণ,
ক্যাম্পাস থেকে বাংলাদেশ ব্যাংকের শাখা
স্থানান্তর, ক্যাম্পাসের কেন্দ্রীয় লাইব্রেরী ও
হাসপাতাল চালু, ক্যান্টিন চালু করা, প্রধান গেটে
ওভারট্রাক নির্মাণ, সাইবার সেন্টার চালু করা,

শিক্ষক নিয়োগ।

২০০৭ সালের ২২ জানুয়ারী ১০ দফা
দাবিতে আন্দোলনকারী ছাত্রদের সাথে পুলিশের
সংঘর্ষ হয়। ঐ ঘটনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের
ভিসি ড. নিরঞ্জন ইনামে ছাত্রদের সকল দাবি
মেনে নেয়ার আহ্বাস দেন। কিন্তু 'নতুন শিক্ষক
নিয়োগদান'- এই দাবি ছাড়া অন্য সকল দাবি
অপূর্ণ থেকে যায়। পরে ১৩ মার্চ শিক্ষার্থীরা
পুনরায় আন্দোলন করে। তখন বিশ্ববিদ্যালয়ের
প্রশাসনের পক্ষ থেকে দুই মাসের মধ্যে সকল দাবি
পূরণের আহ্বাস দেয়া হয়। দুই মাস অতিক্রম
হওয়ায় পুনরায় ছাত্ররা গতকাল থেকে আন্দোলন
শুরু করে। সকাল ১১টায় শিক্ষার্থীরা ক্লাস বর্জন
করে শহীদ মিনার পাদদেশে জড়ো হয়। সন্ধ্যা
১১টায় বিক্ষোভ মিছিল করে ভিসি অফিস ভেঙে
করে। এ সময় ট্রেকারার অর্ধ হোনেল নির্দিক
ছাত্রদের সাহায্যে দেয়ার চেষ্টা করলে তিনি ছাত্রদের
হাতে শত্রু হন। তার হাত থেকে ছাত্ররা
হ্যান্ডমাইক কেড়ে নেয়। এ সময় পুলিশ বাংলা ২য়
সেনিট্রির সোলাইমানকে গ্রেফতার করে।
ছাত্ররা কিং হয়ে ভিসি অফিসে ইট-পাটকেন্দ্র
নিবেশ করে। ইটের আঘাতে পিঅরও-এর
রুমের জানপার কাঁচ ভেঙে যায়। পুলিশের
হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।